

পশ্চিমবঙ্গ সরকার
প্রকল্প আধিকারিক তথা জেলা মঙ্গল আধিকারিকের করণ
অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগ, মুর্শিদাবাদ।
বহরমপুর, মুর্শিদাবাদ।

বিজ্ঞপ্তি:

এতদ্বারা সকলের জ্ঞাতার্থে জানানো যাইতেছে যে, মুর্শিদাবাদ জেলা অনগ্রসর সম্প্রদায় কল্যাণ ও আদিবাসী উন্নয়ন বিভাগ কর্তৃক পরিচালিত তপঃজাতি কেন্দ্রীয় ছাত্রাবাস বহরমপুর, জয়চাঁদ রোড (লিপিকা মেমোরিয়াল বালিকা বিদ্যালয়ের নিকট) খাগড়া, মুর্শিদাবাদ, ও তপঃজাতি কেন্দ্রীয় ছাত্রীনিবাস, বিমল সিনহা রোড, বহরমপুর, মুর্শিদাবাদ অবস্থিত ছাত্রাবাস ও ছাত্রীনিবাসে ভর্তির জন্য তপঃজাতি ও আদিবাসী ছাত্র/ছাত্রীদের নিকট হইতে ২০২২-২০২৩, শিক্ষাবর্ষের জন্য আবেদন পত্র আহ্বান করা হইতেছে। সকল ক্ষেত্রে (পোষ্ট ম্যাট্রিক স্টেজের) কেবল বিজ্ঞান, কলা ও বাণিজ্য বিভাগের ছাত্র ও ছাত্রী আবেদন করতে পারবে। আবেদন পত্র ১৪/১০/২০২২ তারিখ হইতে ১৪/১১/২০২২ তারিখ, বিকাল ৪:৩০ এর মধ্যে বিতরণ ও জমা নেওয়া হইবে। বিষয় বিবরণের জন্য জেলা দপ্তরে (৩০৬ নম্বর ঘরে) যোগাযোগ করুন।

বিঃ দ্রঃ-- সরকারী আদেশনামা স্বাক সংখ্যাঃ 437/ BCWTD(H) Dt. 20.05.2022, অনুযায়ী উপরোক্ত তপঃজাতি ছাত্রাবাস ও ছাত্রীনিবাসের শূন্য আসনগুলি পূরণের জন্য তপঃজাতি ছাত্র ও ছাত্রীদের নিকট হইতে উপযুক্ত সংখ্যক বৈধ আবেদন পত্র জমা না হলে, অবশিষ্ট শূন্য আসনগুলি তপশীলি উপজাতি ছাত্র ও ছাত্রীদের নিকট হইতে প্রাপ্ত বৈধ আবেদনপত্র থেকে অগ্রাধিকারের ভিত্তিতে ভর্তি নেওয়া হবে।

আবেদন পত্র পূরণের জন্য নিম্নলিখিত শর্তাবলী প্রযোজ্য:

- ১) আবেদনকারীকে অবশ্যই পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হইতে হইবে।
- ২) অভিভাবকের সর্বাধিক বাৎসরিক আয় ভারত সরকারের আদেশনামা নং - ১১০৭০/০১/২০০৮- এস সি ডি ভি (ভল্যুম-III), তারিখ -২৯।০৪।২০১৩, অনুসারে ২,৫০,০০০/- (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকার মধ্যে হইতে হইবে। অভিভাবকের বাৎসরিক আয়ের শংসাপত্র আবেদন পত্রের সঙ্গে জমা দিতে হইবে। চাকুরীজীবীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট আধিকারিকের প্রদান করা আয়ের শংসাপত্র আবেদন পত্রের সঙ্গে জমা দিতে হইবে।
- ৩) সরকার কর্তৃক প্রদত্ত জাতি/ উপজাতি ও অন্যান্য অনগ্রসর শ্রেণী শংসাপত্রের প্রত্যয়িত নকল আবেদন পত্রের সঙ্গে জমা দিতে হইবে।
- ৪) শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির রশিদ - এর প্রত্যয়িত নকল আবেদন পত্রের সঙ্গে জমা দিতে হইবে।
- ৫) মাধ্যমিকের অ্যাডমিড কার্ড, মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও সর্বশেষ পরীক্ষার মার্কসিট, আধার কার্ড, ব্যাংক একাউন্ট এর প্রথম পাতার প্রত্যয়িত নকল আবেদন পত্রের সঙ্গে জমা দিতে হইবে।

বিঃ দ্রঃ পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক নির্ধারিত তপঃজাতি/ আদিবাসী ও অন্যান্য অনগ্রসর শ্রেণী ছাত্রদের হোস্টেলে থাকার সুযোগ সুবিধা ও নিয়ম কানুন প্রযোজ্য হইবে। ছাত্রাবাস ও ছাত্রীনিবাসে ভর্তির আবেদন পত্র প্রশাসনিক ভবনের ৩০৬ নং ঘর হইতে সংগ্রহ করা যাইবে অথবা নোটিশ বোর্ডে টাঙ্গানো নিদর্শ হইতে সংগ্রহ করা যাইবে।

আদেশনানুসারে

প্রকল্প আধিকারিক তথা জেলা মঙ্গল আধিকারিক
অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগ, মুর্শিদাবাদ।
বহরমপুর, মুর্শিদাবাদ।

Dt. 12.10.2022.

MemoNo. 1369/1(47) BCW / MSD

অনুলিপি অবগতির জন্য প্রেরিত হল :-

- ১। মাননীয় সভাপতি, মুর্শিদাবাদ জেলা পরিষদ। বহরমপুর, মুর্শিদাবাদ।
- ২-৬। মহাকুমা শাসক (সকল), বহরমপুর সদর- কান্দি - লালবাগ - ডোমকল ও জঙ্গিপুর, মুর্শিদাবাদ।
- ৭-১৪। মাননীয় পৌরপতি (সকল), ডোমকল পৌরসভা/ বহরমপুর পৌরসভা/ বেগডাঙ্গা পৌরসভা/ মুর্শিদাবাদ পৌরসভা/ জিয়াগঞ্জ আতিমহল পৌরসভা/ জঙ্গিপুর পৌরসভা/ ধুলিয়ান পৌরসভা - ও কান্দি পৌরসভা কে বিজ্ঞপ্তির অনুলিপি নিজ নিজ এলাকার উচ্চমাধ্যমিক বিদ্যালয় এবং মহাবিদ্যালয় গুলিতে প্রচার ও অবগতির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো যাইতেছে।
- ১৫। কর্মাধ্যক্ষ (শিক্ষা, সংস্কৃতি, তথ্য ও ক্রীড়া স্থায়ী সমিতি), মুর্শিদাবাদ জেলা পরিষদ, বহরমপুর, মুর্শিদাবাদ কে অবগতি ও প্রয়োজনীয় পচাের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো যাইতেছে।
- ১৬-৪১। সমষ্টি উন্নয়ন আধিকারিক (সকল), পোঃ- জেলা : মুর্শিদাবাদ কে অবগতি ও প্রয়োজনীয় পচাের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো যাইতেছে।
- ৪২। জেলা প্রকল্প আধিকারিক, (সর্বশিক্ষা মিশন) মুর্শিদাবাদ। বহরমপুর, মুর্শিদাবাদ কে অবগতি ও প্রয়োজনীয় পচাের জন্য অনুরোধ জানানো যাইতেছে।
- ৪৩। জেলা স্কুল শিক্ষা পরিদর্শক, মুর্শিদাবাদ। বহরমপুর, মুর্শিদাবাদ, কে অবগতি ও প্রয়োজনীয় পচাের জন্য অনুরোধ জানানো যাইতেছে।
- ৪৪। জেলা তথ্য সংস্কৃতি দপ্তর, মুর্শিদাবাদ, কে অবগতি ও প্রয়োজনীয় পচাের জন্য অনুরোধ জানানো যাইতেছে।
- ৪৫। আশু সহায়ক, জেলা শাসক ও জেল সমাহর্তা, মুর্শিদাবাদ এর গোচরে আনার জন্য অনুরোধ করা হইতেছে।
- ৪৬। আশু সহায়ক, অতিরিক্ত জেলা সমাহর্তা (মুর্শিদাবাদ জেলা পরিষদ) মুর্শিদাবাদ এর গোচরে আনার জন্য অনুরোধ করা হইতেছে।
- ৪৭। জেলা তথ্যবিজ্ঞান আধিকারিক, জাতীয় তথ্যবিজ্ঞান কেন্দ্র, মুর্শিদাবাদ কে অবগতি ও প্রয়োজনীয় পচাের জন্য অনুরোধ জানানো যাইতেছে।

প্রকল্প আধিকারিক তথা জেলা মঙ্গল আধিকারিক
অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগ, মুর্শিদাবাদ।
বহরমপুর, মুর্শিদাবাদ।

12/10/2022